

পুরুলিয়ার প্রকল্প বিক্রি করছে নেইভেলি লিগনাইটকে ৭৬% অংশিদারি বেচে দেনা

এই সময়: দেনার দায় কমাতে পুরুলিয়ার রঘুনাথপুরে তাদের ১২০০ মেগাওয়াট বিদ্যুৎ প্রকল্পের প্রথম পর্যায়ের ৭৬ শতাংশ অংশিদারি রাষ্ট্রায়ত্ত্ব নেইভেলি লিগনাইট কর্পোরেশনকে বিক্রি করে যৌথ উদ্যোগের মাধ্যমে ওই প্রকল্প গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে দামোদর ভ্যালি কর্পোরেশন (ডিভিসি)। ডিভিসি চেয়ারম্যান অ্যান্ড ল্যান্ডস্টে শুক্তবার সাংবাদিকদের জানান, 'আমরা আশা করছি, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন আসার পরে চলতি ত্রৈমাসিকের মধ্যেই এই যৌথ সংস্থা তৈরি হয়ে যাবে।' এই ব্যবস্থার মাধ্যমে ডিভিসি তাদের প্রায় ২৮,০০০ কোটি টাকার দেনা কমাতে পারবে বলে দাবি করেন ল্যান্ডস্টে।

ডিভিসি-র তরফে বিদ্যুৎ মন্ত্রকের কাছে পাঠানো প্রস্তাবে বলা হয়েছে, রঘুনাথপুর প্রকল্পের মালিক হবে ডিভিসি ও নেইভেলি লিগনাইট কর্পোরেশনের মালিকানাধীন একটি যৌথ সংস্থা। ওই যৌথ সংস্থায় ডিভিসি এবং নেইভেলি লিগনাইটের যথাক্রমে ২৪ ও ৭৬ শতাংশ অংশিদারিত্ব থাকবে।

প্রসঙ্গত, গত বছর রঘুনাথপুর প্রকল্প কিনে নেওয়ার ব্যাপারে আগ্রহ দেখিয়েছিল এনটিপিসি। আলোচনা অনেকদূর এগোলেও শেষ পর্যন্ত তা ভেঙে যায়।

রাজ্যে গত বাম সরকারের আমলে রঘুনাথপুরে দুটি ৬০০ মেগাওয়াট



পুরুলিয়ার রঘুনাথপুরে ডিভিসি-র তাপবিদ্যুৎ কেন্দ্র

— ফাইল চিত্র

ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরির কাজ হাতে নেয় ডিভিসি। প্রকল্পের প্রথম পর্যায়ের ইউনিট দুটি নির্মাণের যে সময়সীমা ছিল, তার সাড়ে চার বছর পর ইউনিট দুটি গত ৩১ মার্চ কমিশন করা হয়েছে। কিন্তু, এখনও রেলপথ নির্মাণের কাজ সম্পূর্ণ হয়নি। ল্যান্ডস্টে'র দাবি, 'এই দুটি ইউনিট নির্মাণ করতে আমরা এখনও পর্যন্ত প্রায়

৮,১০০ কোটি টাকা খরচ করেছে। তার মধ্যে সাড়ে চার বছর প্রকল্প নির্মাণ বিলম্ব হওয়ায় শুধু সুদের পরিমাণই বেড়েছে ২,২০০ কোটি টাকা। সংস্থার ঋণের ভার কমাতে আমরা নেইভেলি লিগনাইটের সঙ্গে একটি যৌথ সংস্থা তৈরি করে তাদের হাতে প্রকল্পটির সম্পূর্ণ মালিকানা তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি।'

রঘুনাথপুর প্রকল্পে যে ১,২০০ মেগা বিদ্যুৎ উৎপাদিত হওয়ার কথা, তার বিক্রির জন্য এখনও পর্যন্ত পিপিএ (প পারচেজ এগ্রিমেন্ট) করতে পারেনি ডি এয়াবৎ, মাত্র ৫৫০ মেগাওয়াট বিদ্যুৎ করার জন্য পঞ্জাব, হরিয়ানা ও কেন্দ্রীয় বিদ্যুৎ বণ্টন সংস্থার সঙ্গে চুক্তি করেছে তারা। অন্য দিকে, কণ্টিকে মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করার নেইভেলি লিগনাইটের পিপিএ র কিস্তি, ওই বিদ্যুতের জোগান দিতে কনটিকে যে প্রকল্প তৈরি করার পরিকল্পনা ছিল, তা আপাতত হচ্ছে না অবস্থায় রঘুনাথপুর প্রকল্পের মাতি নেইভেলি লিগনাইটের হাতে এলে, সেখান থেকে ৬৫০ মেগাওয়াট ক সরবরাহ করতে পারবে।

ল্যান্ডস্টে জানান, 'আমাদের উ পক্ষে এটা সুবিধাজনক। এর রঘুনাথপুরে উৎপাদিত বিদ্যুৎ পূ পিপিএ মারফৎ বিক্রি করা সম্ভব পাশাপাশি, প্রকল্পের ৭৬ শতাংশ মাতি বিক্রি করে ডিভিসি তার বিনিয়োগ খানিকটা উদ্ধার করতে পারবে।'

কিন্তু, প্রকল্পের ৭৬ শতাংশ অংশ বিক্রি করে ডিভিসি কতটা অর্থ পাবে? চেয়ারম্যানের জবাব, 'আমরা সব মিলি বিনিয়োগ করেছে, তার ৭৬ শতাংশ ধর